

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, মহম্মদপুর, মাগুরা।
<http://doict.mohammadpur.magura.gov.bd>

স্মারক নং-৫৬.০৪.৫৫৬৬.০০০.৩১.০০৪.১৯- ৭০

তারিখ: ১০/০৩/২০২০ খ্রি:


বিষয়: নিরাপদ ইন্টারনেট ব্যবহারে সচেতনতা তৈরিতে বিশ্ব রেকর্ড গড়ার লক্ষ্যে সারাদেশে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবে
“মনিটরিং ড্যাশবোর্ড এজেন্ট” সফটওয়্যার ইন্সটলকরত: ল্যাবসমূহ অধিকতর কার্যকরকরণ প্রসঙ্গে।

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের স্মারক নং-৫৬.০৪.০০০০.০০৮.৯৯.০৯১.১৯-৪১৫; তাং-০৮/০৩/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইসিটি অধিদপ্তর ও ইউনিসেফ বাংলাদেশ এর যৌথ উদ্যোগে আগামী এপ্রিল, ২০২০ এর মধ্যে ০১(এক) দিনে ০৩(তিন) ঘণ্টার মধ্যে ১০(দশ) লক্ষ এর অধিক জনের নিরাপদ ইন্টারনেট ব্যবহারে সচেতনতা তৈরিতে অনলাইন সার্টিফিকেশন গ্রহণ ও বিশ্ব রেকর্ড গড়ার লক্ষ্যে একটি যুগোপযোগী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লিখিত কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার জন্য প্রতিটি ল্যাবের ডেকটপ ও ল্যাবটপ-এ “মনিটরিং ড্যাশবোর্ড এজেন্ট” সফটওয়্যার ইন্সটলকরত: ল্যাবসমূহ সচল ও কার্যকরকরণের জন্য নিম্নোক্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা আবশ্যিকভাবে গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সকল কম্পিউটার সচল রাখা ও ল্যাবের প্রতিটি কম্পিউটারে ইন্টারনেট সংযোগ নিশ্চিত করা অতীব জরুরী।
- “মনিটরিং ড্যাশবোর্ড এজেন্ট” সফটওয়্যার ইন্সটলকরত: ল্যাবসমূহের হালনাগাদ তথ্য ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- প্রতিটি ল্যাবে ছাত্র-ছাত্রীদের বেসিক আইসিটি, প্রোগ্রামিং ও নিরাপদ ইন্টারনেট ব্যবহারে সচেতনতা বৃদ্ধি ইত্যাদি বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা ও একটি কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ল্যাবগুলো যথাযথ ব্যবহারে শিক্ষক/শিক্ষিকা, ছাত্র-ছাত্রী ও আইসিটি ক্লাবের কার্যক্রম বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।
- অচল কম্পিউটার শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২ ও শিক্ষা প্রতিষ্ঠানের সাথে চুক্তিপত্র অনুযায়ী ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে সচল বা কার্যকারী করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

তথ্য প্রেরণের জন্য ই-মেইল: rafiq@doict.gov.bd/rafiqdoict@gmail.com


(মো: মিজানুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মহম্মদপুর, মাগুরা।
ফোন: ০৪৮৫২৭৫০০১

ই-মেইল: unomohammadpur@gmail.com

প্রাপকঃ

অধ্যক্ষ/প্রধান শিক্ষক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠান

মহম্মদপুর, মাগুরা।

অনুলিপি সদয় অবগতি/কাযার্থেঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ

১। জেলা প্রশাসক, মাগুরা।

২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মাগুরা।

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহম্মদপুর, মাগুরা।

৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও,

ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। অফিস নথি।